গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা-১

...

সভাপতি	মোঃ নুরুল আলম অতিরিক্ত সচিব
সভার তারিখ	১১ মে ২০২৩
সভার সময়	বেলা ১০.৩০ ঘটিকা
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব নুরুল আলম এর সভাপতিত্বে বিদ্যমান নিম্নচাপ এবং আসন্ন ঘূর্ণিঝড় মোখা মোকাবিলার বিষয়ে আগাম প্রস্তুতি এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের নিমিত্ত একটি জরুরি সভা ১১/০৫/২০২৩ তারিখ বেলা ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভাপতি সভার শুরুতে আসন্ন ঘূর্ণিঝড় মোখা ও বিদ্যমান নিম্নচাপ মোকাবিলার প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। পরবর্তীতে সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের নিকট এ বিষয়ে মতামত আহ্বান করেন। কক্সবাজারের নির্বাহী প্রকৌশলী জানান যে, কক্সবাজারের দুর্বল বাঁধসমূহ ইতিমধ্যে মেরামত করা হয়েছে। ঘুর্নিঝড় মোকাবিলার জন্য ৫০০ শত জিও টিউব এবং ৭,০০০ হাজার জিও ব্যাগ সংরক্ষণ করা হয়েছে যা ঝুকিপূর্ণ বাঁধ প্রটেকশনে ব্যবহার করা যাবে। তাছাড়া শাহপরীর দ্বীপ, বাকখালী, মহেশখালী ও কুতুবদিয়ায় দূর্বল পয়েন্ট গুলোতে ইতিমধ্যে কাজ করা হয়েছে। খুলনার প্রধান প্রকৌশলী জানান যে, বিশেষ করে আশাসনি, শ্যামনগর এলাকার সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ছুটি বাতিল সহ ঝুঁকিপূর্ণ বাঁধ মেরামতের জন্য ২০,০০০ জিও ব্যাগ সংগ্রহ করা হয়েছে। বরিশালের প্রধান প্রকৌশলী জানান যে, পটুয়াখালী, ভোলা, কলাপাড়া ও গলাচিপা এলাকার বাঁধ প্রটেকশনের জন্য পর্যাপ্ত পরিমান জিও ব্যাগ সংগ্রহ করা হয়েছে।

০২। উক্ত সভায় বিস্তারিত আলোচনার পর সভাপতি ও পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন), যুগ্মসচিব (উন্নয়ন-১), যুগ্মসচিব (উন্নয়ন-২) ও অন্যান্য কর্মকর্তাগণ আসন্ন ঘূর্ণিঝড় মোখা মোকাবিলার বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাগণ-কে আগাম প্রস্তুতি এবং করণীয় বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

২.১ দেশের দক্ষিণাঞ্চল, দক্ষিণ-পশ্চিমাঞ্চল এবং দক্ষিণ-পূর্বাঞ্চল এলাকায় (চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ) ঘূর্ণিঝড় আঘাত হানার সম্ভাবনা থাকার কারণে ঝুঁকিপূর্ণ বাঁধ জিও টিউব/জিও ব্যাগসহ সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক সর্তক থাকতে হবে এবং পর্যাপ্ত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।

২.২ ঘূর্ণিঝড় কবলিত জেলাসমূহের নাজুক এলাকা চিহ্নিত করে দ্রুত এলাকাবাসীকে নিরাপদ আশ্রয়ে/আশ্রয়কেন্দ্রে সরিয়ে নিতে হবে। জরুরি পরিস্থিতি বিবেচনায় রেডক্রিসেন্ট ও ফায়ার সার্ভিসের সহায়তা গ্রহণ করতে হবে।

২.৩ ঘূর্ণিঝড় কবলিত জেলাসমূহের ঝুঁকিপূর্ণ বাঁধ চিহ্নিত করে ঐ এলাকায় পর্যাপ্ত লোকবল নিয়োজিত করতে হবে। ঐ সকল এলাকায় উন্নয়ন প্রকল্পের ঠিকাদারগণকে প্রকল্প এলাকায় প্রয়োজনীয় সরঞ্জামসহ উপস্থিত থাকার জন্য নির্দেশনা দিতে হবে। ঘূর্ণিঝড় কবলিত এলাকায় মজুত জিও ব্যাগ/সিন্থেটিক ব্যাগ/ জিও টিউব এর পাশাপাশি প্রয়োজনে অন্যান্য জেলা হতে জিও ব্যাগ/জিও টিউব সংগ্রহ করতে হবে।

২.৪ বাঁধ ভেঙ্গে এলাকায় পানি প্রবেশ করলে বাপাউবো'র পক্ষ হতে বোতলজাত পানি এবং শুকনা খাবার সরবরাহের উদ্যোগ নিতে হবে। পর্যাপ্ত পরিমাণে বিশুদ্ধ খাবার পানি, শুকনা খাবার এবং নৌযান প্রস্তুত রাখতে হবে।

২.৫ সম্ভাব্য ঘূর্ণিঝড়ের এলাকায় বাপাউবো'র সকল পর্যায়ের কর্মকর্তাগণ সাইট পরিদর্শন করবেন।

২.৬ ঘূর্ণিঝড় উপদ্রুত এলাকার সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ এলাকায় অবস্থান করবেন এবং কোন অবস্থাতেই কর্মস্থল ত্যাগ করা যাবে না এবং ছুটি বাতিল করতে হবে।

২.৭ ঘূর্ণিঝড় উপদ্রুত এলাকার নির্বাহী প্রকৌশলীগণ স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সাথে নিয়মিত যোগাযোগ রাখবেন, যাতে প্রয়োজনের সময় জনবল সহ পর্যাপ্ত সহায়তা পাওয়া যায়।

২.৮ ঘূর্ণিঝড় মোকাবেলার জন্য গৃহীত পদক্ষেপের বিষয়ে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি এবং মাননীয় সংসদ সদস্য পর্যায়ে অবহিত করবেন। গণমাধ্যমকে গৃহীত ব্যবস্থা বা পরিস্থিতি সম্পর্কে অবহিত করতে হবে।

২.৯ ঘূর্ণিঝড় পরবর্তী অতিবৃষ্টির কারণে বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে বিষয়টি বিবেচনায় রেখে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.১০ ঘূর্ণিঝড় মোকাবেলার জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ে এবং পানি উন্নয়ন বোর্ডের পানি ভবনে কন্ট্রোলরুম খুলতে হবে। কন্ট্রোলরুমের দায়িত্বরত কর্মকর্তাগণ সার্বক্ষনিক যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২.১১ নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বিদ্যমান নিম্নচাপ এবং আসন্ন ঘূর্ণিঝড় মোখা এর অবস্থান ও গতিবিধির বিষয়ে আপডেট তথ্য নিয়মিতভাবে মন্ত্রণালয়ে কন্ট্রোলরুমসহ whatsapp গ্রুপ ও অন্যান্য মাধ্যমে প্রচার করবেন।

২.১২ কন্ট্রোলরুমে যোগাযোগ করার টেলিফোন নম্বরসহ পানি সম্পদ মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থা সম্পর্কিত বিষয়ে প্রয়োজনীয় তথ্য সর্বসাধারণের অবগতির লক্ষ্যে ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়।

২.১৩ জেলা/উপজেলাওয়ারী জিও ব্যাগ/জিও টিউব মজুদ সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট এলাকার প্রধান প্রকৌশলী কন্ট্রোলরুমকে অবহিত রাখবেন।

০৩। অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নুরুল আলম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৫১.০৬.০০৯.২২.১৩৯

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০
১১ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
২) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭) অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৯) প্রধান প্রকৌশলী (চট্রগ্রাম/বরিশাল/খুলনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১০) যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১২) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) যুগ্মসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি সেল, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) যুগ্মসচিব, বাজেট ও অডিট অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৫) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চট্রগ্রাম/বরিশাল/খুলনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৭) উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) উপসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) উপসচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২১) উপসচিব, পরিকল্পনা-৬ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২২) উপসচিব, বাজেট শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২৩) উপসচিব, পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা-১, পানি সম্পদ মন্ত্রণালয়
২৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২৬) উপসচিব, উন্নয়ন-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
২৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২৯) উপসচিব, উন্নয়ন-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৩০) উপসচিব, উন্নয়ন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৩১) উপসচিব, উন্নয়ন-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৩২) উপসচিব, উন্নয়ন-৫ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৩৩) উপসচিব, প্রশাসন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৩৪) উপসচিব, প্রশাসন-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৩৫) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৫ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৩৬) সিনিয়র সহকারী সচিব, অডিট শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৩৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
৩৮) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
৩৯) নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪০) নির্বাহী প্রকৌশলী , (দক্ষিণাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪১) জনসংযোগ কর্মকর্তা,, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



মোঃ রিয়াজুল কবীর
উপসচিব